দৈনিক ইনকিলাব
তারিখ ... AUG. 24 1999
পৃষ্ঠা ৮ কলাম ২

21

## ইসলামী শিক্ষা সংকোচনের পদক্ষেপ গ্রহণ থেকে সরে দাঁড়ানোর আহবান

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** গত শনিবার সকাল ১১টায় ইসলামী বিশ্ববিদ্যালয় কুষ্টিয়ার ৪০ জন শিক্ষকের উপস্থিতিতে ড. মোঃ মোশাররফ হোসেনের সভাপতিত্বে টিচার্স লাউঞ্জে এক সভা অনুষ্ঠিত হয়।

সভায় মাদ্রাসা শিক্ষা বন্ধ ও দেশের কলেজসমূহে ইসলামী শিক্ষা সংকোচনের সরকারী ষড়যন্ত্রের প্রেক্ষিতে গভীর উদ্বেগ প্রকাশ করা হয়। বর্তমানে সরকারের ধর্মনিরপেক্ষ নীতি ধর্মহীনতায় এবং ইসলাম বিদ্বেষে রূপান্তরিত হচ্ছে, বলে বক্তাগণ অভিমত প্রকাশ করেন। সুপরিকল্পিতভাবে সরকারী ছত্রছায়ায় মাদ্রাসা ও ইসলামী শিক্ষা সংকোচনের জন্য যে পদক্ষেপ গ্রহণ করা হয়েছে তা থেকে সরে দাঁড়ানোর জন্য সরকারের প্রতি আহবান জানানো হয়।

সভায় ড. এবিএম সিদ্দিকুর রহমানকে আহবায়ক করে ৭ সদস্যবিশিষ্ট মাদ্রাসা ও ইসলামী শিক্ষা সংকোচন প্রতিরোধ কমিটি গঠন করা হয়। কমিটির উদ্যোগে আগামীকাল ২৫ আগস্ট সকাল ১০-৩০ মিনিটে ইসলামী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে একটি মৌন মিছিল ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।